

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৬৮

১/ বিবিধ

আরবী

أحفوا الشوارب وأعفوا اللحى، وانتفوا الذي في الآناف ضعيف

رواه ابن عدي (1/102) عن حفص بن واقد اليربوعي: حدثنا إسماعيل بن مسلم عن عمرو بن شعيب عن أبيه عن جده مرفوعا وقال بعد أن ساق لحفص هذا أحاديث أخرى: وهذه الأحاديث أنكر ما رأيت لحفص بن واقد، وهذا الحديث قد رواه غير حفص بن واقد عنه

قلت: فالآفة من إسماعيل بن مسلم، والظاهر أنه المكي البصري الذي يكثر من الرواية عن الحسن البصري وهو ضعيف لسوء حفظه، والشطر الأول من الحديث صحيح ثابت من طريق جماعة من الصحابة، والشطر الثاني منه لم نره إلا من هذه الطريق وهي واهية، وقد عزاه السيوطي لابن عدي والبيهقي فتعقبه المناوي بقوله: ظاهر صنيعه يوهم أن مخرجيه خرجاه وسكتا عليه، والأمر بخلافه، بل تعقبه البيهقي بقوله: قال الإمام أحمد: هذا اللفظ الأخير غريب، وفي ثبوته نظر

انتهى

বাংলা

১০৬৮। তোমরা গোফগুলো ছোট করো, দাড়িকে দীর্ঘ করো আর নাকের মধ্যে যা আছে তাকে উঠিয়ে ফেল। হাদীসটি দুর্বল।



এটি ইবনু আদী (১/১০২) হাফস ইবনু ওয়াকেদ আলইয়ারবৃঈ হতে, তিনি ইসমাঈল ইবনু মুসলিম হতে, তিনি আমর ইবনু ভ'য়ায়ব হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। তিনি হাফসের আরো কতিপয় হাদীস উল্লেখ করে বলেছেনঃ হাফসের হাদীসের মধ্যে এগুলোর চেয়ে আর মুনকার হাদীস দেখিনি। এ হাদীসটি হাফস ছাড়াও অন্য কেউ ইসমাঈল হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটির সমস্যা হচ্ছে ইসমাঈল ইবনু মুসলিম। তিনি মাক্কী বাসরী তিনি হাসান বাসরী হতে বেশী বেশী বর্ণনা করেছেন। তার হেফযে ত্রুটি থাকায় তিনি দুর্বল। তবে হাদীসটির প্রথম অংশটি একদল সাহাবা হতে সহীহ হিসেবে সাব্যস্ত হয়েছে। দ্বিতীয় অংশটি এ সূত্রে বর্ণিত হওয়ায় দুর্বলই রয়ে যাচ্ছে।

বাইহাকী বলেনঃ ইমাম আহমাদ বলেছেনঃ এ শেষ বাক্যটি গারীব। তা সাব্যস্ত হতে বিরূপ মন্তব্য রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন